

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

নং-৫২.০১.০০০০.৭০১.০১.০০১.২০-৬৯৮

তারিখঃ ১১ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ  
২৬ ডিসেম্বর, ২০২১ খ্রি.


বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রেরিত এসএমএস লিংকটি সকল মোবাইল অপারেটর কোম্পানির মাধ্যমে মোবাইল ফোন ব্যবহারকারীগণকে প্রেরণ প্রসংগে।

মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিভিন্ন সেবা প্রদান করে যাচ্ছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জাতীয় পর্যায়ে জনশুমারি, কৃষি শুমারি, অর্থনৈতিক শুমারি, বস্তি শুমারিসহ অন্যান্য শুমারি এবং জরিপের কার্যক্রম পরিচালনা করে তার প্রতিবেদন জাতির কাছে প্রকাশ করে।

প্রকাশিত রিপোর্টসমূহ সাধারণ জনগণ থেকে শুরু করে বিভিন্ন পর্যায়ের শিক্ষক, গবেষক, সাংবাদিক, রাজনীতিবিদ এবং বিভিন্ন উন্নয়ন পরিকল্পনাবিদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রকাশিত রিপোর্টের মাধ্যমে বর্তমান সরকারের অগ্রগতি এবং উন্নয়নের চিত্র ফুটে উঠে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র এসকল গুরুত্বপূর্ণ রিপোর্টসমূহের লিংক যদি এসএমএস এর মাধ্যমে গ্রাহক পর্যায়ে প্রেরণ করা যায় তাহলে বর্তমান সরকারের অগ্রগতি এবং উন্নয়নের চিত্র জাতির কাছে অতি সহজে পৌছানো সম্ভব হবে।

বর্ণিতাবস্থায়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত Bangladesh Sample Vital Statistics 2020 এ বর্তমান সরকারের অগ্রগতি এবং উন্নয়নের চিত্র জাতির কাছে পৌছানোর জন্য নিম্নলিখিত এসএমএস টি GovtInfo থেকে সকল মোবাইল ফোন ব্যবহারকারীগণের কাছে আগামি ৩০ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
কর্তৃক প্রকাশিত সরকারের  
অগ্রগতি এবং উন্নয়নের চিত্রের  
গুরুত্বপূর্ণ প্রকাশনার লিংক-  
<https://cutt.ly/OUjDTpk>

  
মোহাম্মদ আজমুল ইসলাম  
মহাপরিচালক  
(অতিরিক্ত সচিব)  
ফোন নং-৫৫০০৭০৫৬

চেয়ারম্যান,  
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)

১. পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), বিবিএস।
২. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মহাপরিচালকের স্টাফ অফিসার, বিবিএস, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।